যুগান্তর

তারিখ : 19 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম

# ভালো



চট্টগ্রাম | শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায় ভালো ফল করায় সেলফি তুলছেন চট্টগ্রাম কলেজের ছাত্রী



চাঁদপুর | সরকারি মহিলা কলেজে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষকরা যুগান্তর




**যুগান্তর ডেস্ক**

২০১৬ সালের এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষার ফল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এবার সারা দেশে পাসের হার ৭৪ দশমিক ৭০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৫৮ হাজার ২৭৬ জন। গত বছরের চেয়ে এবার পাসের হার ও জিপিএ-৫ দুটোই বেড়েছে। ভালো ফলে উচ্ছ্বসিত ছাত্র-ছাত্রী, শিক্ষক ও অভিভাবকরা। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**ময়মনসিংহ ব্যুরো :** ময়মনসিংহ শহরের সেরা ১০টি কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে এক হাজার ৯২১ জন পরীক্ষার্থী। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ থেকে ৫৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই জিপিএ-৫ পেয়েছে।

শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৪৬৫ জন, পাসের হার ৯৮ দশমিক ২৩। মুমিনুন্নেসা সরকারি মহিলা কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৩৫৯ জন, পাসের হার ৯৬ দশমিক ২৩। আনন্দমোহন সরকারি কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৩০৬ জন, পাসের হার ৮১ দশমিক ৮৫। নটরডেম কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ২৪৪ জন। ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ২০২ জন। রয়েল মিডিয়া কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ১২৯ জন। কেবি কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৮১ জন।

**বগুড়া ব্যুরো :** বগুড়া সরকারি আজিজুল হক কলেজে পাসের হার ৯৮.৪৩ ভাগ। জিপিএ-৫ পেয়েছেন ৮৫৫ জন। বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজে জিপিএ-৫ পেয়েছে ৩০৮ জন। বগুড়া সরকারি শাহ সুলতান কলেজে পাসের হার ৯১.২৯ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ৯৫ জন। বগুড়া সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজে পাসের হার ৯৯.৬৩ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ২৫ জন। বগুড়া আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল অ্যান্ড কলেজে শতভাগ পাস ও জিপিএ-৫ পেয়েছে ১৪৬ জন। বগুড়া বিয়াম স্কুল অ্যান্ড কলেজে পাসের হার ৯৯.৬৩ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১২৯ জন। বগুড়া পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজে পাসের হার ৯৯.৬৩ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১২০ জন।

**শেরপুর :** শেরপুর সরকারি কলেজে পাসের হার ৮৫.৭৭ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১০২ জন শিক্ষার্থী।

**গাইবান্ধা :** আহমদ উদ্দিন শাহ শিশু নিকেতন স্কুল ও কলেজ ফলাফলে জেলায় শীর্ষ স্থান লাভ করেছে। পাসের হার শতকরা ৯৭ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ৫৭ জ
অপরদিকে গাইবান্ধা সরকারি কলেজে পাসের হার শতব
৯১ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ৯৮ জন। এছাড়া গাইব
সরকারি মহিলা কলেজে পাসের হার শতকরা ৮৬ ভ
জিপিএ-৫ পেয়েছে ৬ জন।

**নোয়াখালী :** নোয়াখালীতে জিপিএ-৫ পেয়েছে ১৫৭ জ
এর মধ্যে নোয়াখালী কলেজে ৮০ জন চৌমুহনী এ
কলেজে ১৮ জন মহিলা কলেজে ২ জন রয়েছে।

**রাজবাড়ী :** এ বছর রাজবাড়ী জেলায় এইচএসসি পরীক্
জিপিএ-৫ পেয়েছে ১১৩ জন। এর মধ্যে রাজবাড়ী সরক
কলেজে ৬৮ জন, পাংশা সরকারি কলেজ ২৫ জ
রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ ৬ জ
বালিয়াকান্দি কলেজ ৬ জন, পাংশা ড. কাজী মোতা
হোসেন কলেজ ৪ জন, গোয়ালন্দ কামরুল ইসলাম কলে
৩ জন এবং বালিয়াকান্দির বহরপুর কলেজ থেকে ১
জিপিএ-৫ পেয়েছে।

**রায়পুর :** রায়পুর মহিলা কলেজে ৪ জন, কাজী ফারুকী
অ্যান্ড কলেজ ১ জন, হায়দরগঞ্জ ফাজিল মাদ্রাসা থেকে
জন। জিপিএ-৫ পেয়েছে। রায়পুর সরকারি কলেজ থে
৪২৫ জনের মধ্যে ১১৮, মহিলা কলেজে ১৯৫ জনের ম
১৩২ জন, হায়দরগঞ্জ মডেল কলেজ ৩১০ জনের ম
৩০৬ জন, রুস্তম আলী ডিগ্রি কলেজ ৯০ জনের মধ্যে
জন উত্তীর্ণ হয়েছে।

**নাগেশ্বরী :** নাগেশ্বরী কলেজ থেকে ৯ জন, মহিলা কলে
থেকে ৫ জন, ভিতরবন্দ কলেজ থেকে ২ জন ও কচাক
মডেল মহিলা টেকনিক্যাল কলেজ থেকে ৩ জন শিক্ষ
জিপিএ-৫ পেয়েছে। উপজেলায় ব্যতিক্রম কচাকাটা মডে
মহিলা টেকনিক্যাল কলেজ।

**বানারীপাড়া :** চাখার সরকারি ফজলুল হক কলেজ থে
৪০৬ জন অংশ নিয়ে ৮ জন জিপিএ-৫সহ ৩১৩ 
শিক্ষার্থী পাস করেছে। এছাড়া বাইশারী সৈয়দ বজলুল
কলেজে ভোকেশনাল শাখায় ৯ জন জিপিএ-৫ পেয়ে
ওই কলেজের ৯২% শিক্ষার্থী পাস করেছে। বানারীপা
ডিগ্রি কলেজে ২৮৭ জন পরীক্ষার্থীর মধ্য থেকে ২৩৭ 
ও বিশারকান্দি শেরে বাংলা ডিগ্রি কলেজে ২২৫ জনে
মধ্যে ১৯৫ জন এবং সৈয়দকাঠী ইসলামিয়া কলেজে ৭
জনের মধ্যে ৬৬ জন পাস করেছে।

**মির্জাপুর :** মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে ৫২ জ